# Times Today BD

স্পোর্টস ডেস্ক | খেলা | 29 June, 2025

বার্সেলোনার ইতিহাসের সবচেয়ে সফল ফুটবলার লিওনেল মেসি।ক্লাবটির হয়ে বেড়ে ওঠা, তারকা হয়ে ওঠা, আর ২০২১ সালে বিদায়ের সময় অঝোর কান্না–সবই যেন বার্সা-মেসি সম্পর্কের সাক্ষ্য।

তবে সেই বিদায়ের সময় অর্থনৈতিক সংকটে থাকা বার্সা মেসির বকেয়া পারিশ্রমিক পরিশোধ করতে পারেনি।মেসিও ক্লাবের প্রতি ভালোবাসায় বকেয়া বুঝে না নিয়েই নীরবে চলে যান। অবশেষে চার বছর পর ক্লাব তাকে তার প্রাপ্য বুঝিয়ে দিয়েছে।

স্প্যানিশ সংবাদমাধ্যম স্পোর্ত জানিয়েছে, বার্সার কাছে মেসির প্রায় ৬ মিলিয়ন ইউরো (বাংলাদেশি মুদ্রায় ৮৫ কোটি টাকার বেশি) বকেয়া ছিল, যা এবার পরিশোধ করা হয়েছে।

২০২০ সালে করোনাকালীন আর্থিক সংকটে পড়ে বার্সেলোনা।মেসির শেষ চুক্তি অনুযায়ী ৪৮ মিলিয়ন ইউরো দেওয়ার কথা থাকলেও শেষ কিস্তি তখন দেওয়া সম্ভব হয়নি।শুধু মেসিই নন, ওই সময় পারিশ্রমিক পেতে বিলম্ব হয়েছিল বুসকেটস, উমতিতি, কৌতিনিয়ো, দেম্বেলে ও সাবেক কোচ রোনাল্ড কোমানসহ অনেকেরই।

বর্তমানে এমএলএসে সর্বোচ্চ আয় মেসির

বর্তমানে ইন্টার মায়ামির হয়ে খেলছেন লিওনেল মেসি।বার্তা সংস্থা এপি'র তথ্য অনুযায়ী, ২০২৪ সালে মেসির বার্ষিক আয় দাঁড়িয়েছে ২০.৪৪৬ মিলিয়ন ডলার – যা বাংলাদেশি টাকায় প্রায় ২৪৮ কোটি টাকা।

এই আয় শুধু মেজর লিগ সকার (এমএলএস)-এ নয়, পুরো লিগের ইতিহাসেও সর্বোচ্চ। মেসির দল ইন্টার মায়ামিই এমএলএসে সবচেয়ে বেশি খরচ করা ক্লাব, যার বার্ষিক বেতন ব্যয় ৪৬.৮ মিলিয়ন ডলার।

লিওনেল মেসি বার্সা-মেসি বার্সেলোনা

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 29 June, 2025 23:36

URL: https://www.timestodaybd.com/sports/3885775807